আমি একদিন হাফসাহর ঘরের ছাদে উঠলাম। তখন দেখলাম, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিবলার দিকে পিঠ দিয়ে শাম-এর দিকে মুখ করে তাঁর প্রয়োজন পুরণ করছেন।

আবদুল্লাহ্ ইব্নু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত। তিনি বলেন, “আমি একদিন হাফসাহর ঘরের ছাদে উঠলাম। তখন দেখলাম, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিবলার দিকে পিঠ দিয়ে শাম-এর দিকে মুখ করে তাঁর প্রয়োজন পুরণ করছেন”।
অপর বর্ণনায় এসেছে: “বায়তুল মাকদিসের দিকে মুখ করে”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমা উল্লেখ করেন যে, তিনি একদিন তার বোন হাফসা রাসূলের স্ত্রীর বাড়িতে আসেন এবং তার বাড়ির ছাদে উঠেন। তিনি দেখলেন রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শামের দিকে মুখ করে এবং কিবলাকে পিছনে দিয়ে তার প্রয়োজন পুরণ করছেন। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু এ কথা তাদের কথার উত্তরে বলতেন যারা বলেন, প্রয়োজন পুরণের সময় বাইতুল মুকাদ্দাসকে সামনে রাখা যাবে না। এ কারণেই লেখক, দ্বিতীয় বর্ণনা নিয়ে এসেছেন, যাতে বলা হয়েছে, বাইতুল মুকাদ্দাসের দিকে মুখ করে।

https://sunnah.global/hadeeth/bn/show/3023